বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
Bangladesh Medical & Dental Council
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Tel : 223350968, 223385668, 223385669, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

বাংলাদেশে '২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা'

১.০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:

১.১ এই নীতিমালা '২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' নামে অভিহিত হইবে;

১.২ ২০১০ সনের ৬১ নং আইন এর ৫ এর (৫) ক্ষমতাবলে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত এই নীতিমালা ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে বাংলাদেশে পরিচালিত সকল এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২.০ আবেদনকারীর যোগ্যতা ও সাধারণ নিয়মাবলী:

২.১ কেবলমাত্র বাংলাদেশের নাগরিকগণ আবেদন করিতে পারিবেন। এতদ্ব্যতীত সরকারি এবং বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ বিদেশিদের জন্য সংরক্ষিত আসনে বিদেশি প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন;

২.২ দেশি আবেদনকারীকে বিজ্ঞান বিভাগে এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান দুইটি পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। আবেদনকারীকে দুইটি পরীক্ষায় নিয়মিত উত্তীর্ণ (কোনো সাপ্লিমেন্টারী ব্যতীত) এবং মোট জিপিএ কমপক্ষে ৮.৫০ হইতে হইবে;

২.৩ দেশি আবেদনকারীকে এসএসসি অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হইতে হইবে এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই পদার্থ বিজ্ঞান (Physics), রসায়ন (Chemistry) ও জীববিজ্ঞান (Biology) পাঠ্য থাকিতে হইবে এবং জীববিজ্ঞানে (Biology) কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫০ অথবা A- থাকিতে হইবে;

২.৪ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ বিদেশি প্রার্থী ভর্তির ক্ষেত্রে এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমানের (বা যে দেশে এসএসসি বা এইচএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে যথাক্রমে দশম ও দ্বাদশ শ্রেণি) পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে সর্বনিম্ন মোট জিপিএ ৮.৫০ পয়েন্ট এবং জীববিজ্ঞানে (Biology) গ্রেড পয়েন্ট ৩.৫০ অথবা A- থাকিতে হইবে;

২.৫ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য বিদেশি প্রার্থীর ক্ষেত্রে এসএসসি এবং এইচএসসি বা সমমান (বা যে দেশে এসএসসি বা এইচএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে যথাক্রমে দশম ও দ্বাদশ শ্রেণি) পরীক্ষায় সর্বনিম্ন মোট জিপিএ ৬.০০ থাকিতে হইবে তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম থাকিলে আবেদনের অযোগ্য বলিয়া বিবেচিত হইবে । জীববিজ্ঞানে (Biology) গ্রেড পয়েন্ট ৩.৫০ অথবা A- থাকিতে হইবে;

২.৬ দেশের পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষা দুইটিতে সর্বনিম্ন মোট জিপিএ ৮.০০-এবং জীববিজ্ঞানে (Biology) গ্রেড পয়েন্ট ৩.০০ থাকিতে হইবে;

২.৭ আবেদনকারী যে শিক্ষাবর্ষের জন্য মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে তাহাকে সর্বশেষ সেই শিক্ষাবর্ষে বা তৎপূর্ববর্তী শিক্ষাবর্ষে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। আবেদনকারীকে সর্বশেষ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত এইচএসসি/সমমান পরীক্ষার পূর্ববর্তী ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

উদাহরণ: ২০২৬-২৭ শিক্ষাবর্ষে অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে ২০২৫ সাল অথবা ২০২৬ সালে এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। ২০২৩ সালের পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদনের যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

২.৮ 'ও'লেভেল/"এ'লেভেল অথবা বিদেশি শিক্ষা ব্যবস্থায় সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাহাদের নম্বরপত্রসমূহ সমতাকরণ করিতে হইবে;

২.৯ বিভিন্ন দেশে বাংলাদেশের এইচএসসি সমমানের পরীক্ষা বছরের বিভিন্ন সময়ে অনুষ্ঠিত হইয়া থাকে বিধায় এমবিবিএস ও বিডিএস কোর্সে সেইরূপ পরীক্ষায় পাশকৃত বিদেশী প্রার্থীদের ভর্তিতে প্রযোজ্য ক্ষেত্রে অনুচ্ছেদ ২.৭ এ বর্ণিত সময়সীমার অতিরিক্ত এক বছর সময় প্রদান করা যাইতে পারে;

২.১০ এ' লেভেল বা অন্য কোনো বিদেশি পদ্ধতিতে অনুষ্ঠিত এইচএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বিদেশি এবং বাংলাদেশি প্রার্থীদের ক্ষেত্রে কোন বছরের এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় আবেদনের সর্বশেষ তারিখের পরে প্রকাশিত ফলাফলের পরীক্ষাকে প্রথম পরীক্ষা বলে

গণ্য করা হইবে এবং তাহারা এইরূপ পর পর দুইটি ভর্তি পরীক্ষায় বিধি মোতাবেক আবেদন করিতে পারিবেন;

২.১১ ভর্তির ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করিতে হইবে। একজন শিক্ষার্থী শুধুমাত্র একবারই আবেদন করিতে পারিবে। অনলাইন ফরম পূরণপূর্বক নির্ধারিত ফি জমাদানের পর কোনো আবেদনকারী প্রয়োজনে সর্বোচ্চ ০২ (দুই) বার তাহার পছন্দক্রম পরিবর্তন করিতে পারিবে।

৩.০ ভর্তির জন্য দেশি শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া ও আনুষঙ্গিক:

৩.১ এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং জাতীয় ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করিয়া শিক্ষার্থী নির্বাচন করা হইবে। এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ নম্বর হিসাবে নির্ধারণ করা হইবে। সদ্য এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে 'জাতীয় মেধা তালিকা' তৈরি করা হইবে। তবে পূর্ববর্তী বৎসরের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর হইতে ৩ নম্বর এবং পূর্ববর্তী বৎসরের সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর হইতে ৫ নম্বর কর্তন করিয়া মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হইবে;

উদাহরণ:

সদ্য উত্তীর্ণ প্রার্থী: এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ২০২৬ সাল;

পূর্ববর্তী শিক্ষাবর্ষে উত্তীর্ণ প্রার্থী: এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ২০২৫ সাল।

৩.২ দেশের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজে ভর্তির জন্য একই সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে এমবিবিএস ও বিডিএস কোর্সে জাতীয় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ইংরেজি মাধ্যমে উত্তীর্ণ এবং ইংরেজি মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে আগ্রহী প্রার্থীদের জন্য ইংরেজিতে প্রশ্নপত্র প্রণয়ন করিতে হইবে;

৩.৩ এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী একক সঠিক উত্তর ধরনের বহু নির্বাচনী ফরম্যাটে লিখিত ভর্তি পরীক্ষায় ১০০ টি প্রশ্নের প্রতিটি ১ নম্বর করিয়া মোট ১০০ (একশত)

নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন যথাক্রমে, জীববিজ্ঞান-৩০, রসায়ন-২৫, পদার্থবিজ্ঞান-১৫, ইংরেজি-১৫ এবং সাধারণ জ্ঞান এবং পেশাগত প্রবণতা ও মানবিক গুণাবলী মূল্যায়ন-১৫ হইবে। ভর্তি পরীক্ষায় পাশ মার্ক হইবে ৪০ (চল্লিশ)। পরীক্ষার সময়কাল ১ (এক) ঘণ্টা ১৫ (পনের) মিনিট হইবে;

৩.৪ ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে।

৪.০ 'জাতীয় মেধা তালিকা' প্রণয়ন ও সরকারি প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া:

৪.১ শুধুমাত্র লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য থেকে অনুচ্ছেদ ৩.১ অনুযায়ী সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ ভর্তির জন্য বিশেষ কোটা উল্লেখসহ 'জাতীয় মেধা তালিকা' প্রকাশ করা হইবে;

৪.২ দেশের পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য নির্ধারিত আসনে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য অনুচ্ছেদ ৭.১.১ এ বর্ণিত কোটা অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন করা হইবে;

৪.৩ অনলাইনে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন দাখিলের সময় আবেদনকারীকে সকল সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর প্রযোজ্য ক্ষেত্র অনুযায়ী পছন্দক্রম বাধ্যতামূলকভাবে উল্লেখ করিতে হইবে এবং তদানুযায়ী 'জাতীয় মেধা তালিকা' অনুসরনে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য শিক্ষার্থী বণ্টন করা হইবে;

৪.৪ ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হইতে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) কর্মদিবসের মধ্যে ৩য় মাইগ্রেশনসহ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর সকল ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

৫.০ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ শিক্ষার্থী নির্বাচন ও ভর্তি প্রক্রিয়া:

৫.১ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তি প্রক্রিয়া সমাপ্ত হইবার পর বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে স্বাস্থ্য

শিক্ষা অধিদপ্তর ভর্তি কার্যক্রমের একটি সিডিউল প্রস্তুত করিয়া তাহা একাধিক জাতীয় দৈনিকে এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ব্যবস্থা করিবে;

৫.২ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর দেশি শিক্ষার্থী ভর্তির জন্য সম্পূরক ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে;

৫.৩ অনুচ্ছেদ ৪.১ এ বর্ণিত নিয়ম অনুযায়ী প্রস্তুতকৃত 'জাতীয় মেধা তালিকা'র কৃতকার্য শিক্ষার্থীদের মধ্য হইতে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিচ্ছুদের আবেদন পুনরায় অনলাইনে গ্রহণ করা হইবে। পুনরায় অনলাইনে আবেদন দাখিলের সময় সরকার স্বীকৃত তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর পছন্দক্রম অবশ্যই উল্লেখ করিতে হইবে;

৫.৪ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য অনলাইনে পুনরায় আবেদন দাখিলের নির্ধারিত সময়ের পর দ্রুততম সময়ের মধ্যে আবেদনকারীর মেধা ও পছন্দক্রম অনুযায়ী আবেদনকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগপ্রাপ্ত হইয়াছেন তাহা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হইবে এবং শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক নির্বাচিত প্রার্থীর তালিকা প্রকাশ করা হইবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচিত প্রার্থী অফেরতযোগ্য ১০,০০০/- (দশ হাজার টাকা) জমাপূর্বক সম্মতি জ্ঞাপন করিবে, যাহা পরবর্তীতে ভর্তিকালে প্রদত্ত ফি এর সহিত সমন্বয় করা হইবে। যে সকল প্রার্থী সম্মতি জ্ঞাপন করিবে না তাহারা আর ভর্তির জন্য বিবেচিত হইবে না। প্রথমবার নির্বাচিত প্রার্থীদের সম্মতি জ্ঞাপনের পরে শূন্য থাকা আসনসমূহে অপেক্ষমানদের মধ্য হইতে মেধাস্থান ও পুনঃ আবেদনের সময়ে দেওয়া পছন্দক্রম অনুযায়ী ২য় বারের মতো শিক্ষার্থী নির্বাচন করিয়া তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হইবে । ২য় বারে নির্বাচিত শিক্ষার্থীকে অফেরতযোগ্য ১০ (দশ) হাজার টাকা প্রদান সাপেক্ষে সর্বোচ্চ ০৩ (তিন) দিনের মধ্যে সম্মতি জ্ঞাপন করিতে হইবে যে তিনি যে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত হইয়াছেন, সেই শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইতে সম্মত । প্রথম ও দ্বিতীয় বারে নির্বাচিত ও ভর্তি হইতে সম্মত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানওয়ারী সংযুক্ত তালিকা ও ভর্তির শেষ তারিখ সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রকাশ করা হইবে;

৫.৫ নির্বাচিত শিক্ষার্থীগণ সরকার নির্ধারিত ভর্তি ফি প্রদান করিয়া সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইবে। এইক্ষেত্রে ভর্তির সময় প্রাথমিকভাবে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা প্রদান করিতে

হইবে। সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অবশিষ্ট অর্থ সর্বশেষ মাইগ্রেশনের ০৩ (তিন) দিন পূর্বে জমা করিতে হইবে। ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়ায় কোনো শিক্ষার্থী অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে আসন বরাদ্দ প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট পূর্বতন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শিক্ষার্থী কর্তৃক দাখিলকৃত মূল সনদপত্র ও প্রাথমিকভাবে জমাকৃত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা পরবর্তী শিক্ষা প্রতিষ্ঠানে চেকের মাধ্যমে স্থানান্তর করিতে হইবে;

৫.৬ নির্বাচিত দেশি শিক্ষার্থী ভর্তির সময়সীমা অতিক্রান্ত হইবার পর যদি কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ দেশি শিক্ষার্থীর আসন শূন্য থাকে তাহা হইলে সেই সকল শূন্য আসন পূরণের লক্ষ্যে একই প্রক্রিয়ায় অপেক্ষমান তালিকা হইতে (যদি থাকে) ৩য় বার পর্যন্ত শিক্ষার্থী নির্বাচন করা যাইবে।

৬.০ মাইগ্রেশন বা প্রতিষ্ঠান বদলি:

৬.১.১ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ প্রাথমিক ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে বিদ্যমান শূন্য আসনসমূহের বিপরীতে ইতোপূর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন আবেদনের প্রেক্ষিতে মেধাস্থান ও আবেদনে উল্লিখিত পছন্দ অনুযায়ী সফটওয়্যারের মাধ্যমে পরপর সর্বোচ্চ তিনবার শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন বা অটোমাইগ্রেশনের সুযোগ দেওয়া যাইবে। এইরূপ প্রত্যেক মাইগ্রেশন শেষে যে কোটার আসন খালি হইয়াছে শুধুমাত্র সেই কোটার অপেক্ষমান তালিকা হইতে মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে খালি আসন পূরণ করা হইবে;

৬.১.২ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ তৃতীয় দফা অটোমাইগ্রেশনের পর ভর্তি বাতিল/ভর্তি না হওয়া ইত্যাদি কারণে শূন্য আসনে অপেক্ষমান তালিকা হইতে ভর্তি বা শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের জন্য মাইগ্রেশন করা যাইবে না;

৬.২.১ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ প্রাথমিকভাবে নির্বাচিত দেশি শিক্ষার্থীদের সর্বোচ্চ ০২ (দুই) বার অনলাইনে আবেদনের প্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষার্থীর মেধাস্থান, পছন্দক্রম এবং চাহিত মেডিকেল কলেজে আসন শূন্য থাকা সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন বা ঐচ্ছিক মাইগ্রেশনের সুযোগ প্রদান করা যাইবে।

প্রতি ক্ষেত্রেই ঐচ্ছিক মাইগ্রেশন সম্পন্ন হইবার পর পরবর্তী অপেক্ষেমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি করা যাইবে;

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
Bangladesh Medical & Dental Council
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Tel : 223350968, 223385668, 223385669, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

৬.২.২ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ দ্বিতীয় দফা ঐচ্ছিক মাইগ্রেশনের পর ভর্তি বাতিল/ভর্তি না হওয়া ইত্যাদি কারণে শূন্য আসনে অপেক্ষমান তালিকা হইতে ভর্তি বা শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের জন্য মাইগ্রেশন করা যাইবে না;

৬.৩ সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ শিক্ষার্থীদের মাইগ্রেশন বা শিক্ষা প্রতিষ্ঠান বদলির ক্ষেত্রে ভর্তি কমিটির অনুমোদন গ্রহণ করিতে হইবে;

৬.৪ অটোমাইগ্রেশন ও ঐচ্ছিক মাইগ্রেশন সম্পন্নপূর্বক চূড়ান্তভাবে ভর্তি সম্পন্নের পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্নশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত এক সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট হইতে অন্য মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ বদলি করা যাইবে না।

৭.০ সংরক্ষিত আসনে ভর্তি প্রক্রিয়া:

৭.১ পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত আসন:

৭.১.১ পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য মোট আসনের শতকরা ০১ ভাগ সংরক্ষিত থাকিবে। রাঙ্গামাটি মেডিকেল কলেজে শতকরা ২৫ ভাগ আসন এই সংখ্যার অর্ন্তভুক্ত হইবে। পশ্চাৎপদ জনগোষ্ঠীর সংরক্ষিত আসনে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই বাছাই পূর্বক অনুমোদনক্রমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করিতে হইবে:

৭.১.২ পার্বত্য জেলার উপজাতীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলা প্রশাসকের সনদ, অ-উপজাতীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও জেলা প্রশাসকের সনদ দাখিল করিতে হইবে;

৭.২ মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তি:

৭.২.১ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে ৫% আসন মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকিবে;

৭.২.২ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তি প্রক্রিয়া শুরুর সময় একই সাথে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইনে পুনরায় আবেদন গ্রহণ করা হইবে। 'জাতীয় মেধা তালিকা'য় অর্ন্তভুক্তদের মধ্যে যাহারা বেসরকারি মেডিকেল কলেজে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তি হইতে আগ্রহী, তাহারা অনলাইনে আবেদন দাখিলের

সময় সরকার স্বীকৃত সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে নিজের পছন্দ ক্রমানুসারে আবেদনে উল্লেখ করিবে। মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রণীত 'মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচন গাইডলাইন' অনুযায়ী 'অসচ্ছল' প্রমাণের নির্ধারিত শর্তসমূহ ওয়েবসাইটে উল্লেখ করা থাকিবে এবং তদনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে;

৭.২.৩ মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনকারীদের কোটার যোগ্যতার দালিলিক প্রমাণপত্র কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক যোগ্য শিক্ষার্থীদের তালিকা কেন্দ্রীয়ভাবে প্রকাশ করা হইবে। কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক প্রকাশিত তালিকাভুক্ত ভর্তিচ্ছুগণ সরকার অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ সরাসরি আবেদন করিবে। প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট প্রাপ্ত আবেদন অনুযায়ী বাছাইয়ের জন্য যথোপযুক্ত প্রক্রিয়া অনুসরণপূর্বক স্বীয় গভর্নিং বডির অনুমোদনক্রমে মেধাবী-অসচ্ছল কোটায় ৫% আসনে শিক্ষার্থী নির্বাচনপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করিবে:

৭.২.৪ মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অসচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে আবেদনপত্র বাতিল হইবে এবং ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য হইবে;

৭.২.৫ কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট কর্তৃপক্ষ এই আসনের শিক্ষার্থীদের জন্য সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর ক্ষেত্রে প্রযোজ্য বেতন ভাতাদি ও সেশন চার্জের অতিরিক্ত কোনো প্রকার ফি গ্রহণ করিতে পারিবে না;

৭.২.৬ মেধাবী অসচ্ছল কোটায় আবেদনকারীগণ পরবর্তীতে কোনোভাবেই স্ব-অর্থায়নে আবেদন করিতে পারিবে না।

৮.০ বিদেশি প্রার্থীদের আবেদন পদ্ধতি:

৮.১ দেশি-বিদেশি শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম একই সাথে শুরুর সুবিধার্থে বিদেশি প্রার্থীদের জন্য নির্ধারিত ভর্তি বিজ্ঞপ্তি দেশিয়দের পূর্বেই জারি হইতে হইবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হইতে প্রেরিত বিদেশি প্রার্থী ভর্তির বিজ্ঞপ্তি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশ করিবে এবং সংশ্লিষ্ট দূতাবাসসমূহের মাধ্যমে প্রচারের বিষয়টি নিশ্চিত করিবে;

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
Bangladesh Medical & Dental Council
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Tel : 223350968, 223385668, 223385669, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

৮.২ ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে বেসরকারি প্রতিষ্ঠানে বিদেশী শিক্ষার্থী ভর্তি শুরু করা যাইবে এবং বেসরকারি মেডিকেল কলেজে দেশি শিক্ষার্থী ভর্তির কার্যক্রম আরম্ভ হইবার পূর্বেই বিদেশী শিক্ষার্থী ভর্তি সম্পন্ন করিতে হইবে;

৮.৩ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ অনুচ্ছেদ ১১.০ তে উল্লিখিত সার্ক/নন-সার্ক কোটায় বিদেশি শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত আসনে ভর্তির জন্য আবেদনকারীগণ সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় অথবা সেই দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে অথবা নিজ দেশে বাংলাদেশী দূতাবাস না থাকিলে নিকটবর্তী দেশের বাংলাদেশ দূতাবাসে সরাসরি বা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইনে ভর্তির আবেদন করিতে পারিবে। সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বা দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ পছন্দক্রম উল্লেখসহ প্রস্তুতকৃত বাছাই করা শিক্ষার্থীদের তালিকা ও কাগজপত্রাদি বাংলাদেশি দূতাবাসের মাধ্যমে অথবা বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাসের মাধ্যমে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশি প্রার্থীদের উক্ত তালিকা ও কাগজপত্রাদি নির্ধারিত সময়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করিবে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এবং সরাসরি অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহের কাগজপত্রাদি যাচাই-বাছাই করিয়া স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর একটি যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করিবে। উক্ত তালিকা হইতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নির্বাচনক্রমে সার্ক/নন-সার্ক দেশসমূহের জন্য বরাদ্দকৃত আসন অনুযায়ী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ শিক্ষার্থী বণ্টনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিদেশি শিক্ষার্থীদের কাগজপত্র পুনরায় যাচাইপূর্বক ভর্তি সম্পন্ন করিয়া তাহাদের তথ্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্টুডেন্ট পোর্টালে আপলোড করিবে;

বিশেষ দ্রষ্টব্য: বিদেশি শিক্ষার্থীদের আবেদন করিবার সুবিধার্থে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে একটি লিংক প্রদান করা হইবে যাহার মাধ্যমে আবেদনকারীগণ বাংলাদেশের সংশ্লিষ্ট দূতাবাসে অনলাইনে আবেদন করিতে পারিবেন।

৮.৪ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীরা বাংলাদেশ সরকার কর্তৃক ভর্তির বিজ্ঞপ্তি জারির পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্মে আবেদন করিবে। অনলাইন আবেদনের নির্ধারিত টেমপ্লেটে নিজ নিজ দেশের শিক্ষা অথবা পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি/এইচএসসি বা সমমানের অথবা যেই দেশে এসএসসি/এইচএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সেই দেশের ক্ষেত্রে দশম শ্রেণি ও

দ্বাদশ শ্রেণির পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপি এবং নম্বর সমতাকরণ 'ফি পরিশোধের প্রমাণক' হিসেবে Telegraphic Transfer (T.T)/SWIFT Message এর কপি আপলোড করিতে হইবে;

৮.৫ বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য প্রাপ্ত আবেদনসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর পরীক্ষা নিরীক্ষা করিয়া শিক্ষাগত যোগ্যতা সমতাকরণের ফলাফল ওয়েব সাইটে প্রকাশ করিবে এবং একটি তালিকা সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। সংশ্লিষ্ট প্রার্থীদের প্রত্যায়িত ও আপলোডকৃত একাডেমিক কাগজপত্রের মূলকপি, নাগরিকত্ব ও আর্থিক সচ্ছলতার প্রমাণপত্র এবং ভিসা ইস্যুর জন্য প্রয়োজনীয় অন্যান্য ডকুমেন্টস যাচাই করিয়া সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন অথবা ঐ দেশের জন্য নির্ধারিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন ভিসা ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

৮.৬ অনলাইনে আবেদন দাখিল ব্যতীত কোনো বিদেশি প্রার্থী বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির যোগ্য বিবেচিত হইবে না। নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন দাখিল ব্যতীত অন্য কোনো প্রক্রিয়ায় ভর্তির জন্য যোগাযোগ করা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে;

৮.৭ বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন, শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময় নিশ্চিত করিবার লক্ষ্যে বিদেশি নাগরিকত্ব নিয়ে বিদেশে বসবাসকারী অনিবাসী বাংলাদেশি প্রার্থী যাহারা এসএসসি/যে দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে দশম শ্রেণি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাহাদের ক্ষেত্রে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিতে অনুচ্ছেদ ৮.৩ এবং বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিতে অনুচ্ছেদ ৮.৪ প্রযোজ্য হইবে। বাংলাদেশী দ্বৈত নাগরিকগণ বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করিলে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ বিদেশীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন না। বিদেশে অধ্যয়নকারী বাংলাদেশী দ্বৈত নাগরিকদের যে কোন একটি নাগরিকত্বের সূত্র অনুযায়ী আবেদন করিতে হইবে। এক্ষেত্রে বিদেশী নাগরিক হিসাবে কোন শিক্ষার্থী বাংলাদেশে ভর্তি হইলে সে বিদেশী হিসাবে কাউন্সিলে নিবন্ধিত হইবে। তবে যাহাদের দ্বৈত নাগরিকত্ব রহিয়াছে তাহারা বাংলাদেশি পাসপোর্ট ব্যবহার করিয়া জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে;

৮.৮ সার্কভুক্ত কোনো দেশের সংরক্ষিত কোটার শূন্য আসনে অন্য কোনো দেশের শিক্ষার্থী ভর্তি করা যাইবে না।

৯.০ দেশি-বিদেশি শিক্ষার্থীদের নম্বর সমতাকরণ:

৯.১ দেশি-বিদেশি প্রার্থীদের নম্বর সমতাকরণের ক্ষেত্রে নম্বরপত্রসমূহ এবং প্রযোজ্য ক্ষেত্রে নিউমেরিক্যাল গ্রেড বা এলফাবেটিক গ্রেড বিবেচিত হইবে। এসএসসি/যে দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে দশম শ্রেণির পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত যে কোনো ৫ টি বিষয় বিবেচনায় নেওয়া হইবে। এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে জীব বিজ্ঞান, রসায়ন ও পদার্থবিজ্ঞানে প্রাপ্ত নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে নিউমেরিক্যাল গ্রেড বা এলফাবেটিক গ্রেড বিবেচনা করা হইবে;

৯.২ দেশি প্রার্থীদের মধ্যে যাহারা 'ও' লেভেল ও 'এ' লেভেল উত্তীর্ণ হইয়া জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাহাদের নম্বরপত্র/সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে;

৯.৩ বিদেশি প্রার্থীদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে প্রথমতঃ গ্রেড পয়েন্ট বিবেচিত হইবে। একাধিক শিক্ষার্থীর গ্রেড পয়েন্ট এক হইলে, সেক্ষেত্রে জীব বিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞানে প্রাপ্ত নম্বর/গ্রেড ক্রমানুসারে বিবেচিত হইবে। উভয় ক্ষেত্রে আবেদনকারীর নম্বর/গ্রেড একই হইলে শিক্ষার্থীদের বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নম্বর সমতাকরণের মাধ্যমে মেধাক্রম নির্ধারণ করা হইবে;

৯.৪ নম্বর সমতাকরণ কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদিত একটি কমিটি থাকিবে এবং নম্বর সমতাকরণের ক্ষেত্রে উক্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১০.০ ভর্তি এবং টিউশন ফি:

১০.১ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে দেশি/বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হইবে। কোনো অবস্থাতেই সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করা যাইবে না। ভর্তির বিজ্ঞপ্তিতে সরকার কর্তৃক নির্ধারিত ফি এর পরিমাণ উল্লেখ করিতে হইবে। কোনো শিক্ষার্থী নিজ সেশনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ব্যক্তিগত কারণে শিক্ষা কার্যক্রম সম্পন্ন

করিতে ব্যর্থ হইলে অতিরিক্ত সময়কালের জন্য টিউশন ফি ও পরীক্ষা ফি আনুপাতিক হারে প্রযোজ্য হইবে, যাহা উক্ত শিক্ষার্থীকে বহন করিতে হইবে। বিষয়টি স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নীতিমালা অনুযায়ী নির্ধারিত হইবে;

১০.২ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে দেশি-বিদেশি শিক্ষার্থী ভর্তিসহ সকল ক্ষেত্রে এমবিবিএস/ বিডিএস কোর্সের যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করিতে হইবে;

১০.৩ ভর্তির পর অধ্যয়নরত কোন শিক্ষার্থী উক্ত ভর্তি বাতিল করিলে, যে তারিখে বাতিলের আবেদনটি দাখিল করা হইবে, সেইদিন তাহার জন্য সরকারী নীতিমালা অনুসারে প্রদেয় অর্থ পরিশোধিত থাকিতে হইবে এবং অবশিষ্ট অর্থ প্রদান করিতে হইবে না। ভর্তি বাতিলের বিষয়টি নিষ্পৃতিকৃত হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর মূল সনদপত্রসমূহ ফেরত প্রদান করিতে হইবে;

১০.৪ কোনো শিক্ষার্থী ভর্তি বাতিল করিলে তাহা সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট এর ব্যবস্থাপনায় সম্পন্ন করিতে হইবে। এইক্ষেত্রে আর্থিক বিষয়াদির দায় দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করিবে না;

১০.৫ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর সার্কভুক্ত বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি ফি ও টিউশন ফি দেশি শিক্ষার্থীদের ন্যায় প্রযোজ্য হইবে। নন-সার্কভুক্ত বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রতি শিক্ষাবর্ষের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার প্রদান করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে কোর্স সম্পন্ন করিতে ব্যর্থ হইলে কোর্স শেষ না হওয়া পর্যন্ত টিউশন ফি ও পরীক্ষার ফি আনুপাতিক হারে (অর্ধবছরের জন্য ২,৫০০ মার্কিন ডলার এবং পূর্ণবছরের জন্য ৫,০০০ মার্কিন ডলার) শিক্ষার্থীকে বহন করিতে হইবে;

১০.৬ বিদেশি শিক্ষার্থীদের ফি-সমূহ আবশ্যিকভাবে ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় (মার্কিন ডলার) পরিশোধ করিতে হইবে।

১১.০ বিদেশি প্রার্থীদের আসন সংরক্ষণ:

১১.১ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে বিদেশি শিক্ষার্থীদের জন্য সরকার কর্তৃক নির্ধারিত 'সার্ক কোটা' এবং 'নন-সার্ক কোটা'য় নিম্নরূপভাবে আসন সংরক্ষিত থাকিবে:

203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Tel : 223350968, 223385668, 223385669, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

সার্ক কোটা				নন-সার্ক কোটা			
ক্রম	দেশ	এমবিবিএস	বিডিএস	ক্রম	দেশ	এমবিবিএস	বিডিএস
১	ভারত	২২	০২	১	প্যালেস্টাইন	১৮	০৩
২	পাকিস্তান	২১	০২	২	মায়ানমার	০৫	০২
৩	নেপাল	১৯	০৩	৩	অন্যান্য দেশসমূহ:	৪৯	২২
৪	ভুটান	২০	০৫		ক) যুক্তরাষ্ট্র		
৫	শ্রীলঙ্কা	১৩	০২		খ) যুক্তরাজ্য		
৬	মালদ্বীপ	০৬	০১		গ) ইতালি		
৭	আফগানিস্তান	০৩	০১		ঘ) কানাডা		
	সর্বমোট	১০৪	১৬		ঙ) মালয়েশিয়া		
					চ) অন্যান্য		
					সর্বমোট	৭২	২৭

মোট বরাদ্দকৃত আসন সংখ্যা (সার্ক কোটা- ১২০টি + নন-সার্ক কোটা- ৯৯টি) = ২১৯টি

১১.২ সরকার অনুচ্ছেদ ১১.১ এ বর্ণিত আসন সংখ্যা প্রয়োজনবোধে পরিবর্তন করিতে পারিবে;

১১.৩ বিদেশি শিক্ষার্থী ভর্তির জন্য বেসরকারি মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটসমূহে তাহাদের জন্য নির্ধারিত মোট আসনের সর্বোচ্চ ৪৫% আসন সংরক্ষিত থাকিবে। বিদেশি শিক্ষার্থী ভর্তি সম্পন্ন হইবার পর অবশিষ্ট শূন্য আসনসমূহ অনুচ্ছেদ ৫.৩ এ বর্ণিত পদ্ধতিতে নির্বাচিত দেশি শিক্ষার্থী দ্বারা পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে অধিযাচন প্রেরণ করিবে। তবে এই ক্ষেত্রে দেশি শিক্ষার্থীদের ভর্তির জন্য যে আর্থিক ব্যবস্থাপনা নির্ধারিত তাহাই প্রযোজ্য হইবে। এক্ষেত্রে কোনো অবস্থায়ই বিদেশি শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হারে ফি-সমূহ আদায় করা যাইবে না;

১১.৪ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বিদেশি শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করিয়া পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীর তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে।

১২.০ সার্টিফিকেটসমূহ নিরীক্ষণ:

১২.১ ভর্তির পর সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট প্রত্যেক শিক্ষার্থীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই করিবে। বিদেশি শিক্ষার্থীদের সনদ ও নম্বরপত্র ৯.৪ অনুচ্ছেদে বর্ণিত কমিটি

কর্তৃক যাচাই করা হইবে। ভবিষ্যতে কোনো বিদেশি শিক্ষার্থীর সনদ/নম্বরপত্রের বিষয়ে অভিযোগ উত্থাপিত হইলে পররাষ্ট্র মন্ত্রণালয় উপযুক্ত প্রক্রিয়ায় তাহা অনুসন্ধান করিবে। অভিযোগ প্রমাণিত হইলে ভর্তি বাতিল করা হইবে;

১২.২ মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট শিক্ষার্থীর সনদ/নম্বরপত্র ইত্যাদি যাচাই প্রতিবেদন ভর্তি কার্যক্রম সম্পন্নের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করিবে।

১৩.০ ভর্তি পরীক্ষা কার্যক্রম পরিচালনা:

১৩.১ বিএমএন্ডডিসি'র পক্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রক্রিয়াকরণ ও নিরীক্ষণ, পরীক্ষা গ্রহণ, ফলাফল চূড়ান্তকরণ ও প্রকাশ, শিক্ষা প্রতিষ্ঠান অনুযায়ী শিক্ষার্থী বণ্টন ও অনুচ্ছেদ ৬.০ এ বর্ণিত মাইগ্রেশন কার্যক্রমের দায়িত্ব পালন করিবে। বিএমএন্ডডিসি প্রশ্নপত্র প্রণয়ন, প্রিন্টিং, প্যাকেজিং, কেন্দ্রে বণ্টন ও কেন্দ্র হইতে প্রাপ্ত উত্তরপত্র গ্রহণের দায়িত্ব পালন করিবে;

১৩.২ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য বিএমএন্ডডিসির পরামর্শক্রমে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত ভর্তি কমিটি, উপদেষ্টা কমিটি এবং ওভারসাইট কমিটি গঠনের প্রস্তাব অনুমোদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে। ভর্তি সংশ্লিষ্ট বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

১৩.৩ মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের কোডসমূহ স্থাপনের সালের ক্রমাণুসারে নির্ধারণ করা হইবে এবং ভর্তি বিজ্ঞপ্তিতে যথাক্রমে মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটের নাম লিপিবদ্ধ থাকিবে;

১৩.৪ ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি পরীক্ষায় অবতীর্ণ সকল শিক্ষার্থীর তথ্য 'খ' শ্রেণির নথি হিসেবে সংরক্ষণ করা হইবে।

১৪.০ ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন:

১৪.১ দেশি বা বিদেশি শিক্ষার্থী ভর্তির সাথে সাথে সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট কর্তৃক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের Student পোর্টালে নিবন্ধন করিতে হইবে। নিবন্ধন না করা পর্যন্ত নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হইবে না। বাংলাদেশ

মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কেবলমাত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম পরবর্তী ০২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন করিবে।

১৫.০ শাস্তিমূলক ব্যবস্থা:

১৫.১ মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ ভর্তির পূর্বে বা পরে দেশি বা বিদেশি শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে কেন্দ্রীয় ভর্তি কমিটি বা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাৎক্ষণিকভাবে তাহার আবেদন/ভর্তি বাতিল করাসহ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

১৫.২ কোনো মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ অনুমোদিত আসনের অতিরিক্ত কিংবা নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ার বাইরে দেশি/বিদেশি শিক্ষার্থী ভর্তি করা যাইবে না; করিলে উহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

১৫.৩ কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট নীতিমালার কোনো শর্ত ভঙ্গ করিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হইবে;

১৫.৪ ভর্তিকৃত দেশি/বিদেশি শিক্ষার্থীদের দেশের প্রচলিত আইন মানিয়া চলিতে হইবে। শৃঙ্খলা পরিপন্থী অভিযোগ প্রমাণিত হইলে তাহারা সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এর একাডেমিক কাউন্সিল/একাডেমিক কমিটি এর সিদ্ধান্ত মানিয়া নিতে বাধ্য থাকিবে;

১৫.৫ শিক্ষা মন্ত্রণালয় প্রণীত "শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা-২০২৩" সকল মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এর শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হইবে;

১৫.৬ প্রতিটি সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট মহামান্য হাইকোর্ট কর্তৃক যৌন হয়রানি প্রতিরোধকল্পে নির্দেশনা "হাইকোর্ট ডিরেক্টিভস-২০০৯" পালনে বাধ্য থাকিবে।

১৬.০ কারিকুলাম ও ইন্টার্নশীপ:

এমবিবিএস ও বিডিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট হাসপাতালে

বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা বিএমএন্ডডিসি'র পূর্ণ রেজিস্ট্রেশন প্রার্থী সকলের জন্য বাধ্যতামূলক। কোনোক্রমেই অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টার্নশীপের জন্য মাইগ্রেশন করা যাইবে না।

১৭.০ বিবিধ:

১৭.১ জাতীয় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হইলে কোন শিক্ষার্থী দেশে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য বিবেচিত হইবে না;

১৭.২ প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জলছাপ সন্নিবেশ করিতে হইবে। পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে বলপয়েন্ট ব্যতীত অন্য কোনো কলম, পেন্সিল, ঘড়ি অথবা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনিতে পারিবে না। এই বিধান লঙঘন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর পরীক্ষা বাতিল করা যাইবে;

১৭.৩ এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট কোনো কর্মকর্তা/কর্মচারী যেমন, ইনভেজিলেটর, শিক্ষক, পরিদর্শন টিমের সদস্য, প্রশাসনিক কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়ক এবং অন্যান্য ব্যক্তিবর্গ পরীক্ষার হলে মোবাইল ফোনসহ অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করিতে পারিবেন না। তবে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর দায়িত্বপ্রাপ্ত কেন্দ্র/ভেন্যু প্রধান কেবলমাত্র জরুরী প্রয়োজনে অফিস কক্ষে/ভর্তি পরীক্ষার কন্ট্রোল রুমে মোবাইল ফোন ব্যবহার করিতে পারিবেন। কোনো অবস্থাতেই কেউ পরীক্ষার হলে মোবাইল ফোন বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করিতে পারিবেন না। এই বিধান লঙঘন করিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে পরীক্ষা সংক্রান্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাইবে;

১৭.৪ কোনো শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে কোনো সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট এর আসন সংখ্যা সরকার কর্তৃক যেরূপ অনুমোদিত থাকিবে উক্ত শিক্ষাবর্ষে কেবল সমসংখ্যক আসনেই শিক্ষার্থী ভর্তি করা যাইবে। ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যা পরিবর্তন হইলে অথবা নতুন মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট অনুমোদিত হইলে বর্ধিত আসনে অথবা নতুন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ঐ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি করা যাইবে না;

১৭.৫ কোনো অবস্থাতেই সরকার নির্ধারিত ক্লাস শুরুর তারিখের পরে কোনো প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি করা যাইবে না।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
Bangladesh Medical & Dental Council
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Tel : 223350968, 223385668, 223385669, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

১৮.০ রহিতকরণ ও হেফাজত:

এই নীতিমালা জারির তারিখ হইতে "মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৫-২০২৬" তৎকর্মসীমায় সীমাবদ্ধ থাকিবে। তবে উক্ত নীতিমালার অধীন কোনো কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকিলে, উহা উক্ত নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করিতে হইবে।

24.11.26

ডা. মো: লিয়াকত হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল